

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
কলেজ-৬ শাখা
www.shed.gov.bd

স্মারক-৩৭.০০.০০০০.০৭০.০৬.০০৩.২০১৭-৪০৯


তারিখে : ২০ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
৫ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলাধীন “জিয়নপুর বেলায়েত হোসেন কলেজ” -এ উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর সুপারিশের প্রেক্ষিতে মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলাধীন ‘জিয়নপুর বেলায়েত হোসেন কলেজ’ এ উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তসমূহ:

- শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে এবং
- ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।


(নাছিমা খানম) ০৫.১০.২০১৭

সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৭৪২৫

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অধ্যক্ষ, ‘জিয়নপুর বেলায়েত হোসেন কলেজ, দৌলতপুর, মানিকগঞ্জ।
- ৬। গার্ড ফাইল।